তারিখ ... ২৫।৪।৮৩...
পৃষ্ঠা... ... ... ...কলাম... ... ...

ইত্তেফাক



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা

## বিজ্ঞপ্তি

নং পাঠ্য/৯৮৫/এস-৩, তারিখ-২২-৮-৮৩ ইং

**অনুমোদনের জন্য এবতেদায়ী ১ম, ২য়, ৩য়, ৪র্থ এবং দাখিল ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণীর পাঠ্য বইয়ের পাণ্ডুলিপি আহ্বান।**

১। ১৯৮৪ শিক্ষাবর্ষ থেকে দুই বছরের জন্য এবতেদায়ী ১ম, ২য়, ৩য়, ৪র্থ শ্রেণীর সকল বই এবং দাখিল ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণীর গণিত ও সাধারণ বিজ্ঞান বইসমূহের অনুমোদনের জন্য আগ্রহী লেখক/প্রকাশকদের কাছ থেকে পাণ্ডুলিপি আহ্বান করা যাচ্ছে। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড সিদ্ধান্ত নিলে অনুমোদিত পাঠ্যবইসমূহ এই সময়ের পরও চালু রাখতে পারে।

২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের কারিকুলা ও কোর্সেস অব ষ্টাডিজ কমিটি কর্তৃক প্রণীত পাঠ্যসূচী অনুযায়ী এসব বই রচনা করতে হবে। অফিস চলাকালীন সময়ে বোর্ড অফিস থেকে প্রতি শ্রেণীর বিষয় প্রতি ১০/- (দশ) টাকা রেজিষ্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের নামে সোনালী ব্যাংকের ড্রাফটের মাধ্যমে জমা দিয়ে নিয়মাবলী ও পাঠ্য বিষয়ের কপি সংগ্রহ করা যাবে।

৩। প্রথম শ্রেণী হইতে চতুর্থ শ্রেণীর বইসমূহ ৩১শে অক্টোবর, ৫ম শ্রেণী ও ৬ষ্ঠ শ্রেণীর বইসমূহ ১৫ই নভেম্বর, ৭ম ও ৮ম শ্রেণীর বইসমূহ ৩০শে নভেম্বরের মধ্যে ১৫০'০০ টাকা (অফেরতযোগ্য) টাকার সোনালী ব্যাংকের ব্যাংক ড্রাফট-সহ জমা দিতে হইবে।

৪। বিগত ২১-৬-৮৩ তারিখের পাঠ্য/২২৮০০/এস-৩ নং বিজ্ঞপ্তিতে উল্লেখিত ৫ম ও ৬ষ্ঠ শ্রেণীর সকল বই জমা দেওয়ার শেষ তারিখ ৩০শে আগষ্ট, ১৯৮৩-এর পরিবর্তে ১৫ই সেপ্টেম্বর, ১৯৮৩ করা হইল।

৫। দাখিল ৬ষ্ঠ শ্রেণীর আকায়েদ ও ফিকহ বিষয়ের পাঠ্যসূচীতে জুমার নামাজ, জানাজা ও তেলাওয়াতের ছেজদা অন্তর্ভুক্ত করা হইয়াছে।

( মুহাম্মদ ছায়ীদুর রহমান খান ),
পাঠ্যক্রম বিশেষজ্ঞ,
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

স—১৬৬১